

স্মার্ট গ্রন্থাগার, স্মার্ট বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, গণগ্রন্থাগার অধিদপ্তর  
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহী  
publiclibrary.rajshahidiv.gov.bd

নম্বর: ৪৩.২৬.৫০০০.০০০.২৩.০০২.২১.৯২

১৯ অগ্রহাষণ ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ০৪ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: ১৬ ডিসেম্বর 'মহান বিজয় দিবস ২০২৩' উপলক্ষে রচনা, চিত্রাংকন ও আবৃত্তি প্রতিযোগিতা।

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন ও গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহীর উদ্যোগে ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস ২০২৩ উপলক্ষে নিম্নোক্তভাবে রচনা, চিত্রাংকন ও আবৃত্তি প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। আগ্রহী সকলকে নিম্নে উল্লেখিত শর্তাবলী মেনে অংশগ্রহণের জন্য আহ্বান জানানো হলো।

ক) রচনা প্রতিযোগিতা:

ক্র.	শ্রেণি	রচনার বিষয়	শব্দসীমা	রচনা জমা দেয়ার শেষ তারিখ
১	উন্মুক্ত	মুক্তিযুদ্ধে বিদেশীদের ভূমিকা	১২০০	স্বহস্তে লিখিত রচনা আগামী ২৩ ডিসেম্বর ২০২৩ তারিখ বিকেল ২ টার মধ্যে এ দপ্তরে সরাসরি/ডাকযোগে জমা দেয়া যাবে।

খ) চিত্রাংকন প্রতিযোগিতা:

ক্র.	গুপ	শ্রেণি	চিত্রাংকনের বিষয়	প্রতিযোগিতার স্থান, সময় ও তারিখ
১.	ক	অনুর্ধ্ব ৭ বছর	উন্মুক্ত	আগামী ২৩ ডিসেম্বর ২০২৩ তারিখ রোজ শনিবার বিকেল ২ টায় অত্র গণগ্রন্থাগারে
২.	খ	৮-১২ বছর	বিজয় দিবসের উৎসব	স্বশরীরে উপস্থিত হয়ে অংশগ্রহণ করতে হবে।

গ) আবৃত্তি প্রতিযোগিতা:

ক্র.	শ্রেণি	আবৃত্তি প্রতিযোগিতার বিষয়	প্রতিযোগিতার স্থান, সময় ও তারিখ
১.	অষ্টম-দশম	উন্মুক্ত	আগামী ২৩ ডিসেম্বর ২০২৩ তারিখ শনিবার বিকেল ৩ টায় অত্র গণগ্রন্থাগারে স্বশরীরে উপস্থিত হয়ে অংশগ্রহণ করতে হবে।

শর্তাবলী:

০১. ছকে বর্ণিত সময়ে অত্র গণগ্রন্থাগারে স্বশরীরে উপস্থিত হয়ে চিত্রাংকন ও আবৃত্তি প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে হবে।
০২. রচনা স্বহস্তে A4 সাইজের সাদা কাগজের এক সাইডে লিখতে হবে। উভয় পার্শ্বে লিখলে খাতা বাতিল বলে গণ্য হবে।
০৩. রচনায় ও চিত্রাংকনে অংশগ্রহণকারীর নাম, পিতা ও মাতার নাম, শিক্ষা প্রতিষ্ঠান, ঠিকানা ও মোবাইল নম্বর লিখতে হবে।
০৪. চিত্রাংকন প্রতিযোগিতায় শুধুমাত্র আর্টপেপার সরবরাহ করা হবে। অন্যান্য সরঞ্জাম সঙ্গে করে নিয়ে আসতে হবে।
০৫. চিত্রাংকন প্রতিযোগিতায় বয়স প্রমাণের জন্য জন্মসনদের ফটোকপি সঙ্গে করে নিয়ে এসে জমা দিতে হবে।
০৬. রচনা সরাসরি/ডাকযোগে/কুরিয়ারে পরিচালক, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহী ঠিকানায় প্রেরণ করা/জমা দেয়া যাবে।
০৭. প্রতিযোগিতা সংক্রান্ত প্রয়োজনে ০১৭২৩-২১৭৭৭৬, ০১৭২৪-৫৯৫৩৭৭, ০১৭১৪-৪৬০৮৩৫ নম্বরে যোগাযোগ করা যাবে।



০৪-১২-২০২৩  
মোঃ মাসুদ রানা  
সহকারী পরিচালক

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, গণগ্রন্থাগার অধিদপ্তর;
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী এবং
- ৩। প্রাপক: রেজিস্ট্রার/অধ্যক্ষ/সুপার/পরিচালক/প্রধান শিক্ষক/ সভাপতি/সম্পাদক,

.....রাজশাহী।

